মেহেরপুরে বিএনপি নেতা অ্যাড. কামরুল হাসানের উদ্যোগে ইফতার মাহফিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নিজ উদ্যোগে গতকাল বৃহস্পতিবার রায়পুর গ্রামে এক ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, যিনি তার বক্তব্যে দেশ, জাতি ও দলের কল্যাণ কামনায় সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। এ সময় তিনি আগত নেতাকর্মী ও সাধারণ মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।
অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর উপজেলা বিএনপির সাবেক জয়েন্ট সেক্রেটারি রাকিবুল ইসলাম রিপন, রায়পুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের সভাপতি হাবিবুর রহমান টুকু, এবং আমদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস বিশ্বাস।

ইফতার মাহফিল শেষে দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি এবং দলের অগ্রগতি কামনায় বিশেষ দোয়া পরিচালনা করা হয়। অনুষ্ঠানে স্থানীয় নেতাকর্মী এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

মেহেরপুরে খোকসা যুব সংঘের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে খোকসা যুব সংঘের উদ্যোগে একটি ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল

শনিবার সকাল সাড়ে নয়টা থেকে দিনব্যাপী এই ক্যাম্পে স্থানীয়দের বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোকসা যুব সংঘের সভাপতি শামসুজ্জামান হামিদুল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তাহের শেখ, খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের সেক্রেটারি ও যুব সংঘের উপদেষ্টা শামসুজ্জোহা সামিদুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোকসা হাট মসজিদের ইমাম আব্দুর রশিদ ঈশা খাঁ, খোকসা যুব সংঘের সেক্রেটারি সেলিম রেজা, খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের ইমাম ও সহ-সভাপতি খালিদ সাইফুল্লাহ আপেল।

এ ছাড়াও উপস্থিত ছিলেন অর্থ সম্পাদক শরিফুজ্জামান টুটুল, সাংগঠনিক সম্পাদক আবির, খাদ্য বিষয়ক সম্পাদক মোশারফ হোসেন, নির্বাহী সদস্য মাসুম রেজা, জিহাদ, তারিকসহ সংগঠনের অন্যান্য সদস্যরা।

দিনব্যাপী এই ফ্রি মেডিকেল ক্যাম্পে নানা বয়সী মানুষের স্বাস্থ্য পরীক্ষা, পরামর্শ এবং প্রয়োজনীয় ওষুধ বিতরণ করা হয়। স্থানীয়দের মধ্যে এ উদ্যোগকে স্বাগত জানানো হয়।

আমদহ ইউনিয়ন বিএনপির উদ্যোগে বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া-মাহফিল

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আশু রোগমুক্তি ও সুস্থতা কামনায় মেহেরপুর সদর উপজেলার আমদাহ ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে বিকেল ৫টায় আমদহ ইউনিয়নের আশরাফপুর স্কুল মাঠে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

নেতৃবৃন্দ বলেন, “দেশনেত্রী বেগম খালেদা জিয়া দীর্ঘদিন ধরে বিভিন্ন জটিল রোগে ভুগছেন। তাঁর দ্রুত সুস্থতা ও রোগমুক্তির

জন্য দেশের সর্বস্তরের জনগণের কাছে আন্তরিক দোয়া কামনা করছি।” তারা আরও বলেন, বেগম জিয়ার সুস্থতাই এখন দলের সবচেয়ে বড় প্রার্থনা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি ছিলেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, জেলা বিএনপ’র সাংগঠনিক সম্পাদক রোমানা আহমেদ ও ওমর ফারুক লিটন, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, আমদাহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির হোসেনসহ জেলা, উপজেলা, ইউনিয়ন ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

মোনাজাত শেষে উপস্থিত সকলের মাঝে তবারক বিতরণ করা হয়।

জীবননগরে পৌর বিএনপি ও সকল অঙ্গ সংগঠনের উদ্যোগে জনসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার জীবননগরে পৌর বিএনপি ও সকল অঙ্গ সংগঠনের উদ্যোগে জনসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার জীবননগর মুক্ত মঞ্চে বিকাল ৪ ঘটিকায় এ জনসভা অনুষ্ঠিত হয়। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের ঘোষিত ৩১ দফা বাস্তবায়ন ও আগামী ত্রয়োদশ জাতীয় নির্বাচন কে সামনে রেখে দিকনির্দেশনামূলক আলোচনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি ও বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান বাবু।

প্রধান অতিথির বক্তব্যে মাহমুদ হাসান খান বাবু বলেন, তারেক রহমানের নেতৃত্বে বিএনপি আজ দেশের গণতন্ত্র পুনরুদ্ধারের

শান্তি, গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা ও তারেক রহমানের সুস্বাস্থ্য কামনা করা হয়।

আলমডাঙ্গা উপজেলা ও পৌর যুবদলের উদ্যোগে স্মরণসভা ও দোয়া মাহফিল

আওয়ামী লীগ সন্ত্রাসী কর্তৃক হামলায় নিহত আলমডাঙ্গা পৌর যুবদলের আহবায়ক শহীদ আব্দুল হাই বল্টুর ১২ তম শাহাদৎ বার্ষিকী উপলক্ষে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) আলমডাঙ্গা উপজেলা ও পৌর যুবদলের উদ্যোগে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

স্মরণসভা ও দোয়া মাহফিলে উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহবায়ক মীর আসাদুজ্জামান উজ্জ্বলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরীফুজ্জামান শরীফ।

এসময় তিনি বলেন, রাত পোহালে ঈদ, সবাই ঈদের আনন্দ আর বাড়ির ছোট ছোট ছেলে- মেয়েদের পছন্দের কেনাকাটা নিয়ে ব্যস্ত । আর আওয়ামী লীগের সন্ত্রাসীরা খুনের নেশা ঈদের চাঁদরাত্রে আলমডাঙ্গা পৌর যুবদলের আহবায়ক শহীদ আব্দুল হাই বল্টুকে কুপিয়ে হত্যা করেছিল। তারা দীর্ঘ ১২ বছর এই শহরে বুক ফুলিয়ে ঘুরে বেরিয়েছে। তাদের বিচার হয়নি। এখন সময় এসেছে। আমরা দ্রুত আব্দুল হাই বল্টু খুনিদের গ্রেফতার করিয়ে আইনের আওতায় নিয়ে আসার জন্য সর্বচ্চো ব্যবস্থা গ্রহন করবো।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দার, উপজেলা বিএনপির সাধারন সম্পাদক আমিনুল হক রোকন, পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারন সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, সাবেক কেন্দ্রীয় যুবদলের সদস্য এমদাদুল হক ডাবু, জেলা জাসাসের সাধারন সম্পাদক সেলিমুল হাবীব সেলিম,

চুয়াডাঙ্গা সদর উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন, রাশেদুল ইসলাম, পৌর সহসাধারন সম্পাদক মহাবুল হক মাস্টার, আসিফ আল নূর তানিম, মকলেছুর রহমান মিলন, পৌর সাংগঠনিক আলী আজগর সাচ্চু, জেলা যুবদলের সাধারন সম্পাদক সাইফুল ইসলাম ঝন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহিদ মো: রাজিব খাঁন, জেলা ছাত্রদলের সাধারন সম্পাদক মোমিন মালিথা, যুগ্ম সম্পাদক আমান উল্লাহ আমান।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম বিশ্বাসের উপস্থাপনায় উপস্থিত ছিলেন পৌর বিএনপির সাবেক আহবায়ক সেকান্দার আলি,কুমারী ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, উপজেলা যুবদলের সদস্য সচিব রফিকুল ইসলাম, যুগ্ম আহবায়ক চৌধুরী জাহাঙ্গীর আলম বাবু, রাসেল, জিহাদ, পৌর যুবদলের সদস্য সচিব সাইফুদ্দিন কনক, যুগ্ম আহবায়ক খন্দকার আব্দুল কাদের, হাফিজুর রহমান, ২ নং ওয়ার্ড বিএনপির সভাপতি হাফিজুর রহমান চমক, সাধারন সম্পাদক আব্দুল হক মিন্টু, সংগঠনিক সম্পাদক জসিম, পৌর ৫নং ওয়ার্ড বিএনপির সভাপতি রশিদ মালিথা,উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক এমদাদ হোসেন, সদস্য সচিব রাজু আহমেদ রাজিব, পৌর স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকারিয়া ইসলাম শান্ত, উপজেলা ছাত্রদলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব আল ইমরান রাসেল, পৌর ছাত্রদলের আহবায়ক আতিক হাসনাত রিংকু, সদস্য সচিব মাহমুদুল হক তন্ময়, যুগ্ম আহবায়ক রাজু আহম্মেদ, আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব জাহাঙ্গীর আলম লিমন, আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপির অঙ্গসংগঠনের সকল নেতাকর্মি উপস্থিত ছিলেন।

স্মরণসভা শেষে আলমডাঙ্গা পৌর যুবদলের আহবায়ক শহীদ আব্দুল হাই বল্টুর আত্মার মাগফেরাত কামনায় দোয়া পরিচালনা করেন মাওলানা ওমর ফারুক।

দামুড়হুদা উপজেলা যুবদলের

উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

দামুড়হুদা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুর রহমান সবুজ ও যুবদলের সদস্য মাহফুজুর রহমান জনি কে অতর্কিত হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সন্ধা ৭ টার দিকে উপজেলা যুবদলের উদ্যোগে এ বিক্ষোভ ও প্রতিবাদ মিছিলটি উপজেলা চত্বর থেকে বাস স্ট্যান্ড মোড় ঘুরে দেউলী হয়ে বিএনপির অস্থায়ী দলীয় কার্যালয়ে এসে শেষ হয়।

বিক্ষোভ শেষে সংক্ষিপ্ত বক্তব্য দেন থানা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুবদলের যুগ্ন-আহ্বায়ক আরিফুল রহমান আরিফ।

এ সময় বক্তারা বলেন আওয়ামী লীগের সন্ত্রাসী কর্মকাণ্ডে দেশ অস্বস্তিশীল হয়ে পড়ে পরে ছাত্র জনতার আন্দোলনে স্বৈরাচারী শেখ হাসিনা দেশ থেকে পালিয়ে যেতে বাধ্য হয়। তারপরও তাদের ষড়যন্ত্র শেষ হচ্ছে না। এখানে ওখানে ঘাপটি মেরে বসে থেকে ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছে। এই ষড়যন্ত্র যাতে করতে না পারে সেদিকে বিএনপি যুবদল ছাত্রদল, তথা বিএনপি’র সকল অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দকে সজাগ থাকতে হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, যুগ্ম সাধারণ সম্পাদক আনসার আলী, যুবদলের সদস্য ইকরামুল মেম্বার এজাজুল হক, আমিনুল ইসলাম রশিদ, মাহফুজুর রহমান জনি, কবির, আব্দুল কাদের, মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব এম ডি কে সুলতান, উপজেলা যুবদলের নেতা ইমতিয়াজ হোসেন, শওকত আলী, জাহিদ, হাসান, লাবলু, রানা, মামুন, মুর্শিদ বিন সজল, মহসিন, আরিফ, শামীম, শিলং, দেলোয়ার, এনামুল, রনি, শাহাবুদ্দিন, কাউসার, বাদশা, আব্দুর রশিদ, জাহিদুল, আমির হামজা, আলামিন, খালিদ, সম্রাট, রবিউল, জাহিদুল, লাল, লালন, মামুন, জাহাঙ্গীর, বাদশা প্রমূখ।

[redacted]

[redacted]